



সদর দপ্তর

চান্দনা, গাজীপুর।

টেলিফোন: ০২-৯২৬২৭৮৮

ফ্যাক্স: ০২-৯২৬৪৩৪৪

E-Mail: gazipbs@yahoo.com

Web: pbs1.gazipur.gov.bd

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

GAZIPUR PALLI BIDYUT SAMITY-1

ISO 9001:2015 CERTIFIED

স্মারকনং-২৭.১২.৩৩০০.৫৬৯.০১.০৩৮.২১. ৬৫৭

তারিখ

১২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ

২৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ- কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহ্বান প্রসঙ্গে।

নিম্নের বর্ণনানুযায়ী গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় কোনাবাড়ী জোনাল অফিসের নীচু জায়গা বালি দ্বারা ভরাট করার জন্য বাংলাদেশী প্রকৃত সরবরাহকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	বিবরণ	পরিমাণ	উদ্ধৃত মূল্য	
			একক মূল্য	মোট মূল্য
১	গাজীপুর পবিস-১ এর আওতায় কোনাবাড়ী জোনাল অফিস ক্যাম্পাসের অভ্যন্তরের নীচু জায়গা বালি দ্বারা ভরাট করা। (ক) ৭৫' x ৬৯' x ২' জায়গা = ০১ টি (খ) ৩৫' x ৩০' x ২' জায়গা = ০১ টি (প্রত্যেক স্তরে ৬" করে বালি দ্বারা ভরাট করার পর সমান করতে হবে, কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক)	১২,৪৫০ ঘন ফুট		
			সর্বমোট=	
কথায়ঃ				

শর্তাবলীঃ-

০১। গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র আগামী ০৩/০৩/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় সীলগালা অবস্থায় গাজীপুর পবিস-১ এর সদর দপ্তর, চান্দনা, গাজীপুর-এ অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-এ পৌছাইতে/দাখিল করতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র গ্রহণ করা হবে না এবং খাম বন্ধ অবস্থায় বাতিল বলে গণ্য করা হবে। দাখিলকৃত দরপত্র সমূহ একই দিন বেলা ১১:০৫ ঘটিকার সময় গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) খোলা হবে।

০২। দরদাতাগণকে অবশ্যই সীলগালা করা খামের উপর অংশে সুস্পষ্টভাবে “বালি দ্বারা নীচু জায়গা ভরাট করার কোটেশন” কথাটি লিখতে হবে।

০৩। দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট নিবন্ধন ও ব্যাংক সলভেন্সী সংক্রান্ত দালিলিক প্রমাণাদি এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলিয়া গণ্য হবে।

০৪। দরপত্রে উদ্ধৃত একক ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসেবে বিবেচিত হবে।

০৫। দরদাতার উল্লেখিত দর পরিশোধযোগ্য সকল প্রকার শুল্ক/কর বা অন্যান্য ব্যয় অন্তর্ভুক্ত করে উদ্ধৃত হয়েছে বলে গণ্য হবে।

০৬। নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ করতে ব্যর্থ হলে প্রতি দিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে মূল্য হতে কর্তন করা হবে।

০৭। সন্তোষজনকভাবে কাজ সম্পন্ন করার পর বিল দাখিল সাপেক্ষে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট/কর কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

০৮। মালামালের পরিমাণ কম বা বেশী করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৯। সম্পূর্ণ নিজ খরচে গাজীপুর পবিস-১ এর আওতায় কোনাবাড়ী জোনাল অফিস ক্যাম্পাসের অভ্যন্তরের নীচু জায়গা বালি দ্বারা ভরাট ও সমান করার কাজ সম্পন্ন করতে হবে।

- ১০। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা/ব্যাক্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিতভাবে অনুরোধ করতে হবে।
- ১১। সর্বনিম্ন রেসপনসিভ দরদাতাকে কার্যাদেশ প্রদান করার পর সন্তোষজনকভাবে কাজ সম্পাদন না করলে বিধি মোতাবেক কালো তালিকাভুক্ত করা হবে।
- ১২। কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১৩। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌঃ যুবরাজ চন্দ্র পাল)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ কার্যার্থে।

- ০১। ডিজিএম, ছায়াবীথি জোনাল অফিস, গাজীপুর পবিস-১।
- ০২। এজিএম(অর্থ-হিসাব/ওএন্ডএম), গাজীপুর পবিস-১।
- ০৩। সহঃ প্রকৌশলী (প্রঃ বিভাগ), বাপবিবো, গাজীপুর।
- ০৪। এজিএম(আইটি), গাজীপুর পবিস-১(ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ০৫। মেসার্স.....
- ০৬। নোটিশ বোর্ড, গাজীপুর পবিস-১।

বর্ণিত সময়ে দরপত্র উন্মুক্ত করণ/মূল্যায়নে উপস্থিত থাকার অনুরোধসহ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ/জেলা প্রশাসক/পুলিশ সুপার, গাজীপুর।
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,পবিস-১/২/৩/৪।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট বাপবিবো, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, গাজীপুর।

নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের জন্য অনুরোধ করা হল।

(প্রকৌঃ যুবরাজ চন্দ্র পাল)
সিনিয়র জেনারেল ম্যানেজার